

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
প্রশাসন ও সংস্থাপন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০৩.২০-১১৫৭

তারিখ: ২০ অগ্রহায়ণ, ১৪২৯
০৫ ডিসেম্বর, ২০২২

বিষয়: কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদানের জন্য নির্মিত DTE Stipend MIS সফটওয়্যারের পরিমার্জন/ সংশোধন প্রসঙ্গে

সূত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০১.২১-১২৮,

তারিখ- ১৩/১১/২০২২ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের উপবৃত্তি বিতরণের জন্য যোগ্য শিক্ষার্থীর তথ্য ব্যবস্থাপনা ও G2P (Government to Person) পদ্ধতিতে অর্থ বিতরণের নিমিত্ত অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের SPFMSP প্রকল্প কর্তৃক ২০২১ সনে DTE Stipend MIS শীর্ষক একটি অনলাইন সফটওয়্যার তৈরি করা হয়। SPFMSP প্রকল্পটি জুন, ২০২১ মাসে সমাপ্তির পর হতে অদ্যাবধি সফটওয়্যারটি BACS & iBAS++ স্কিমের নিয়ন্ত্রণ ও ব্যবস্থাপনায় রয়েছে। DTE Stipend MIS সফটওয়্যারটি চালুর পর ব্যবহারকারীগণ বিভিন্ন সমস্যার সম্মুখীন হচ্ছেন। ২৪/০৬/২০২১ তারিখে উক্ত সমস্যা সমাধানের জন্য SPFMSP প্রকল্প বরাবর পত্র প্রদান করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু ৩০/০৬/২০২১ তারিখে উক্ত প্রকল্প সমাপ্ত হওয়ার পূর্বে পর্যন্ত কোনো সমস্যা সমাধান হয়নি। পরবর্তীতে সফটওয়্যারটি iBAS++ এর ব্যবস্থাপনায় চলে যায় এবং উক্ত সফটওয়্যারের চিহ্নিত সমস্যাগুলোর তালিকা সংযুক্ত করে ১৫/০৭/২০২১ তারিখে টিম লিডার, iBAS++ বরাবর পত্র প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

০২। বিদ্যমান DTE Stipend MIS সফটওয়্যারে শিক্ষার্থীদের একত্রিত ডাটা যাচাই-বাছাই করে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে অনুমোদন করে SPBMU (Social Protection Budget Management Unit) -এ প্রেরণ করা হয়। পরবর্তী কার্যক্রম পে-রোল তৈরি, পে-রোল জমাদান, পে-রোল তালিকা, পে-রোল অনুমোদন, পে-রোল এক্সপোর্ট, পে-রোল সমন্বয়, ব্লকড এন্ড বাউন্সড ইএফটি, সম্পূরক পে-রোল, পে-রোল রিপোর্ট, মনিটরিং রিপোর্ট, অভিযোগ-প্রতিকার ব্যবস্থাপনা ইত্যাদির পরিমার্জন/সংশোধন সম্পন্ন না হওয়ার কারণে DTE কর্তৃক পরবর্তী কার্যক্রম পরিচালনা সম্ভব হয়না।

০৩। একই অভিভাবকের একাধিক সুবিধাভোগী সন্ধান একই ব্যাংক/মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট ব্যবহার করলে SPBMU হতে সকল অ্যাকাউন্ট ব্লকড হয়ে যায়। যার ফলে তথ্য সংশোধনের জন্য দীর্ঘ সময় ব্যয় করতে হয়। BACS & iBAS++ স্কিম হতে ব্লকড এবং বাউন্সড রিপোর্ট অর্থ বছর শেষ হওয়ার দুই/তিন মাস পরেও পাওয়া যায় বিধায় শিক্ষার্থীদের পূর্বের অর্থবছরের পাওনা ধারাবাহিকভাবে বকেয়া হয়ে যায়।

০৬। এমতাবস্থায়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষার্থীদের উপবৃত্তি কার্যক্রম সূচারুরূপে সম্পন্ন করার নিমিত্ত DTE Stipend MIS সফটওয়্যারে চিহ্নিত সমস্যাগুলো সমাধানের সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক দাখিলকৃত চিহ্নিত সমস্যা
ও পরিমার্জনযোগ্য বিষয়সমূহের তালিকা ০৪ (চার) পাতা।


০১/১২/২০২২

(মো: কামরুল হাসান)

উপসচিব

ফোন: ০২-৫৫১০০৪১৬

ই-মেইল: dsadmin@tmed.gov.bd

সিনিয়র সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

[দৃষ্টি আকর্ষণ: জাতীয় কর্মসূচি পরিচালক, এসপিএফএমএস প্রোগ্রাম ও অতিরিক্ত সচিব (বাজেট-১)]

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

০২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা

০৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

০৪. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

০৫. অফিস কপি